দৈনিক ইত্তেফাক

তারিখ ...0 6 NOV 1988
পৃষ্ঠা ... 28 কলাম ... 4 ...

116

# তৃতীয় শ্রেণী প্রাপ্ত ইংরেজী প্রভাষকগণ বিপাকে

ভোলা সংবাদদাতা জানান, শিক্ষা মন্ত্রণালয়ের এক নির্দেশের ফলে বেসরকারী কলেজে চাকুরীরত মাষ্টার্স ডিগ্রীতে তৃতীয় শ্রেণীপ্রাপ্ত ইংরেজী প্রভাষকগণ বিপাকে পড়িয়াছেন। শিক্ষা মন্ত্রণালয় দেশের চারটি শিক্ষা বোর্ডকে এই-মর্মে একটি পত্র দিয়াছেন যে, বেসরকারী ইন্টারমিডিয়েট কলেজে কার্যরত শুধু ইংরেজী বিষয়ে তৃতীয় শ্রেণীপ্রাপ্তদের বেলায় পূর্ববর্তী তিনটি পরীক্ষার ন্যূনপক্ষে দুইটিতে দ্বিতীয় শ্রেণী প্রাপ্ত হইলে এবং কমপক্ষে ১২ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিলে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহ সংশ্লিষ্ট শিক্ষকদের মাষ্টার ডিগ্রীতে প্রাপ্ত তৃতীয় শ্রেণী প্রমার্জন (মার্জনা) করিতে পারিবে। এখন প্রশ্ন হইল, যাহাদের মাষ্টার্স ডিগ্রীর পূর্ববর্তী তিনটির মধ্যে দুইটি পরীক্ষায় দ্বিতীয় শ্রেণী নাই এবং মাষ্টার্স ডিগ্রীতে তৃতীয় শ্রেণীপ্রাপ্ত হইয়া দীর্ঘদিন যাবৎ বেসরকারী ইন্টারমিডিয়েট কলেজে চাকুরী করিয়া আসিতেছেন, তাঁহারা কোথায় যাইবেন? দেশের ৪টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীন বেসরকারী ইন্টারমিডিয়েট কলেজে চাকুরীরত শত শত তৃতীয় শ্রেণী প্রাপ্ত ইংরেজী প্রভাষকদের ভবিষ্যতের কথা বিবেচনা করিয়া মন্ত্রণালয় বিষয়টি পুনর্বার বিবেচনা করিয়া দেখিবেন বলিয়া ভুক্তভোগী মহল আশা করিতেছেন।